

দ্বিতীয় , চতুর্থ ও ষষ্ঠি সেমিস্টার ইলেক্টেড (অনলাইন ও অফলাইন) ওপেন বুক পরীক্ষা ২০২২
সম্মত মনে রাখার মতো দরকারী কিছু কথা।

বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ গাইডলাইন অনুসারে -

- ১) বৈদ্যুতিন মাধ্যমে পাওয়া প্রশ্নপত্র দেখে ঘরে বসে খাতায় কলমে উত্তর লিখে বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠাতে হবে।
- ২) কলেজ থেকে প্রতি পরীক্ষার জন্য আলাদা নির্দিষ্ট করে দেওয়া ই-মেইল আইডিতে উত্তরপত্র পাঠাতে হবে। যে জন্য প্রত্যেক পরীক্ষার্থীর নিজস্ব ই-মেইল আইডি ও ফোন নং থাকতে হবে।
- ৩) পরীক্ষার্থীকে নিজের অ্যাডমিট কার্ড কলেজ ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে। অ্যাডমিট কার্ড ঠিকঠাক না থাকলে পরীক্ষায় বসা যাবে না। বসলেও তা বাতিল হবে, ফলাফল আসবে না।
- ৪) বিশ্ববিদ্যালয় বা কলেজ ওয়েবসাইট থেকে উত্তরপত্রের কভার পেজ বা সামনের পৃষ্ঠা আগে থেকে প্রিন্ট করে নিতে হবে। এই ছাপা প্রথম পৃষ্ঠায় ফাঁকা জায়গায় / লাইনগুলিতে পরীক্ষার্থীর রোল নং, রেজিঃ নং, বিষয়, কোর্স ইত্যাদি তথ্য গুলি সঠিক ভাবে লিখতে হবে। অন্যথায় উত্তরপত্র বাতিল হবে।
- ৫) প্রশ্নপত্র প্রতি পরীক্ষার দিন অন্তত আধ ঘন্টা আগে বিশ্ববিদ্যায় ও কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।
- ৬) পরীক্ষার্থী হাতে লেখা উত্তরপত্রের সব পাতাগুলি ক্রমানুসারে সাজিয়ে স্ক্যান করে একটি মাত্র পিডিএফ করে নিজের ই-মেইল আইডি থেকে কলেজের নির্দিষ্ট করে দেওয়া ই-মেইল আইডিতে পাঠাতে হবে। (পাতাগুলি পর পর এই ক্রমে থাকবে : সবার প্রথম আগে থেকে প্রিন্ট করে পূরণ করা উত্তরপত্রের প্রথম পাতা , তারপর ক্রমে ১,২,৩,৪.... নং পাতা ইত্যাদি। প্রতি পাতার মাথায় রোল নং ও পৃষ্ঠা সংখ্যা লেখা থাকলে সাজানো সহজ হবে। বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠানোর সময় পরীক্ষার্থী যেন সাবধানতার সাথে নির্দিষ্ট ই-মেইল আইডি ঠিকঠাক টাইপ করো।)
- ৭) পরীক্ষার্থী পরীক্ষা শুরুর আধ ঘন্টা আগে যেমন প্রশ্নপত্র পাবে , তেমনি পরীক্ষা শেষে আধ ঘন্টা সময় পাবে উত্তরপত্রের পিডিএফ পাঠানোর জন্য।
- ৮) পিডিএফের নাম পরীক্ষার্থীর রোল নং দিয়ে হবে এবং ই-মেইলে পাঠানোর সময় সাবজেক্ট-এর জায়গায় পরীক্ষার বিষয় পেপার/ কোর্স এর নাম লিখতে হবে।
- ৯) বৈদ্যুতিন মাধ্যমে পাঠানো অসম্ভব হলে, পরীক্ষা শেষে নির্দিষ্ট আধ ঘন্টা সময়ের মধ্যেই পরীক্ষার্থী নিজের কলেজে উত্তরপত্র জমা দিতে পারবে।
- ১০) পরীক্ষার্থী যাবতীয় বিধি জেনে ও সততার সাথে পরীক্ষা দিয়েছে, এই মর্মে একটি ঘোষনার তলায় সই করবে। ঘোষনার বয়ন উত্তরপত্রের প্রথম পাতায় (যেটি আগে থেকেই প্রিন্ট করে নিতে হবে) দেওয়া আছে।
- ১১) বৈদ্যুতিন মাধ্যমে উত্তরপত্র পাঠানো হলে, পাঠানো ই-মেইলের একটি ক্লিন শর্ট পরীক্ষার্থীকে রেখে দিতে হবে। কোনো কারণে ই-মেইল ডেলিভারিতে দেরি হলে যথা সময়ে পাঠানো সংক্রান্ত উদ্বৃত্ত সমস্যা ও বিতর্ক নিরসনে, প্রয়োজনস্থলে, এই ক্লিন শর্টের উল্লেখ করা যাবে।



কর্তৃপক্ষ
চন্দ্রপুর কলেজ